

প্রশ্নঃ ৪০০. কোনো রোগের জন্য শরীরে গাছের শিকড় বেধে রাখা কি জায়েজ আছে?

না জায়েয নেই। কেননা এটি তাবিজ নয় বরং তামিমা। তাবিজ ব্যবহার করা বৈধ হলেও তামিমা ব্যবহার করা বৈধ নয়। তাবিজ ব্যবহার করা বৈধ হলেও তামিমা ব্যবহার করা বৈধ নয়। শরীরে সুতা, গাছের ডাল, গাছের বাকল ইত্যাদি বাঁধা নিষিদ্ধ তামিমার অন্তর্ভুক্ত হওয়ায় সেটি বৈধ হবে না।

রাসূল সা. বলেন,

(مَنْ تَعَلَّقَ تَمِيمَةً فَلَا أْتَمُ اللَّهُ لَهُ وَمَنْ عُلِقَ وَدَعَةً فَلَا وَدَعَ اللَّهُ لَهُ)

“যে ব্যক্তি তাবিজ লটকালো, আল্লাহ্ যেন তার উদ্দেশ্য পূর্ণ না করেন। আর যে ব্যক্তি রুগমক্তির জন্যে শামুক বা বিনুকের মালা লটকালো, আল্লাহ্ যেন তাকে শিফা না দেন”।

মুসতাদরাক আল-হাকেম, (৪/২১৯)।

অন্য এক হাদীছে আছে,

(مَنْ تَعَلَّقَ تَمِيمَةً فَقَدْ أَشْرَكَ)

“যে ব্যক্তি তাবিজ লটকালো সে শির্ক করল”।

মুসনাদে আহমাদ, (৪/১৫৬)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

